রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সর্বোত্তম সালাত সম্পর্কে জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন, “দীর্ঘ কিয়ামযুক্ত সালাত।”

জাবের রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সর্বোত্তম সালাত সম্পর্কে জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন, “দীর্ঘ কিয়ামযুক্ত সালাত।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

সাহাবীগণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করলেন, সর্বোত্তম সালাত কোনটি? আর সাহাবীদের এ প্রশ্ন ছিল নেক আমল অধিক পরিমাণে করার প্রতি তাদের আগ্রহের কারণেই। এ দ্বারা উদ্দেশ্য, কোন ধরণের সালাত উত্তম? বা সালাতের কোন আমলটি উত্তম? কিয়াম নাকি রুকু নাকি সাজদাহ?। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জানিয়ে দেন যে, “তা হলো দীর্ঘ কিয়ামযুক্ত সালাত।”

http://sunnah.global/hadeeth/bn/show/3569